

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৫২

আগরতলা, ৫ ডিসেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“৫৫ লক্ষ বেপাত্তা খোয়াইয়ের পিএইচসি গুলোতে দেখা নেই সোলার লাইটের,” শিরোনামে গত ৩ ডিসেম্বর, ২০২৪ আজকের ফরিয়াদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, খোয়াই জেলাস্থিত হেমন্ত দেববর্মা স্মৃতি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, দশরথ দেব মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, চেবরি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, আমপুরা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, বাইজালবাড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং কল্যাণপুর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে সোলার লাইট বসানোর জন্য ত্রিপুরা পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থাকে (টিআরইডিএ) ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে মোট ৫২,৮২,২৪২ টাকা অনুমোদন প্রদান করা হয়। দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে ত্রিপুরা পুনর্নবীকরণযোগ্য শক্তি উন্নয়ন সংস্থার (টিআরইডিএ) সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করা হয়েছে।
